দৈনিক
জনকণ্ঠ

তারিখ 20 JUL 2005
পৃষ্ঠা ৭ কলাম ২

ফজিলাতুন্নেছা মুজিব হল

# দশ শিক্ষকের পদত্যাগপত্র জমা ॥ ছাত্রীদের ভিসি অফিস ঘেরাও

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফজিলাতুন্নেছা মুজিব হলে ছাত্রী বিক্ষোভের ঘটনায় হলের আবাসিক শিক্ষকরা ২১ ছাত্রীর শাস্তির দাবি জানিয়েছেন। সোমবার তারা উপাচার্যের নিকট এই

(২- পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)

## দশ শিক্ষকের পদত্যাগপত্র

(প্রথম পাতার পর)

দাবি জানায়। অন্যদিকে আন্দোলনরত ছাত্রীরা শিক্ষকদের এ দাবির প্রতিবাদে মিছিল সমাবেশ ও উপাচার্যের কার্যালয় ঘেরাও এবং উপাচার্যের কাছে মঙ্গলবার স্মারকলিপি দিয়েছে। এ নিয়ে হলে আবার নতুন করে উত্তেজনা ছড়াতে পারে বলে অনেকে আশঙ্কা করেছে।

এদিকে হলে ছাত্রী বিক্ষোভের ঘটনায় হলের দশ আবাসিক শিক্ষক পদত্যাগপত্র জমা দিয়েছেন বলে জানিয়েছেন। কিন্তু উপাচার্য তাঁদের পদত্যাগপত্র গ্রহণ করেননি। তিনি শিক্ষকদের তাঁদের দায়িত্ব পালনের অনুরোধ জানিয়েছেন। ঘটনার তদন্তে কলা অনুষদের ডিন অধ্যাপক সদরুল আমিনকে প্রধান করে সাত সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে আগামী দশ দিনের মধ্যে তদন্ত রিপোর্ট দিতে বলা হয়েছে।

ছাত্রীরা জানিয়েছে, কোন ছাত্রীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হলে তার পরিণতি ভাল হবে না। শাস্তি দিলে স্মারকলিপিতে স্বাক্ষরকারী ৫শ' ২৫ ছাত্রীর বিরুদ্ধে নিতে হবে।

ছাত্রীরা বিকাল তিনটায় উপাচার্য কার্যালয় ঘেরাও শেষে স্মারকলিপি প্রদান করে। এ সময় উপ-উপাচার্য অধ্যাপক আফম ইউসুফ হায়দার ও ভারপ্রাপ্ত প্রক্টর সিদ্দিকুর রহমান উপস্থিত ছিলেন। উপাচার্য অধ্যাপক ফায়েজ বলেন, একক কারও বিরুদ্ধে নয়, তদন্ত কমিটি সার্বিকভাবে কাজ করবে।